First Draft

সাক্ষ্য ও বিচার কার্যক্রমে তথ্য প্রযুক্তির ব্যবহার আইন, ২০১৯

আদালতসমূহে বিচার কার্যক্রম পরিচালনায় তথ্য প্রযুক্তির ব্যবহার এবং সংশ্লিষ্ট বিষয়ে বিধান করিবার নিমিত্ত প্রণীত আইন

যেহেতু আধুনিক তথ্য প্রযুক্তির ব্যবহার দ্বারা সাক্ষ্য গ্রহণসহ বিচার কার্যক্রম সহজীকরণ কল্পে বিধান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

প্রথম অধ্যায়
প্রারম্ভিক

সংক্ষিপ্ত শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তন

১। (১) এই আইন **সাক্ষ্য ও বিচার কার্যক্রমে তথ্য প্রযুক্তির ব্যবহার আইন, ২০১৯** নামে অভিহিত হইবে;

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে;

(৩) ইহা সমগ্র বাংলাদেশে প্রযোজ্য হইবে।

সংজ্ঞা

২। বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকিলে, এই আইনে-

(১) **'অডিও-ভিডিও কনফারেন্স'** (Audio-Video Conference) অর্থ আদালত কক্ষ হইতে দূরবর্তী কোন স্থানে অবস্থানরত মোকদ্দমার কোন পক্ষ, সাক্ষী, অভিযুক্ত ব্যক্তি, আইনজীবী, বিশেষজ্ঞ এবং মোকদ্দমার সংশ্লিষ্ট কোন ব্যক্তির তথ্য প্রযুক্তি ব্যবহার করিয়া অডিও-ভিজুয়াল সংযোগের মাধ্যমে বিচার কার্যক্রমে অংশ গ্রহণ;

(২) '**আদালত প্রান্ত** (Court Point)' অর্থ সংশ্লিষ্ট বিচার আদালত যেখানে সাক্ষ্যগ্রহণসহ যাবতীয় বিচার কার্যক্রম চলমান আছে;

(৩) '**ইলেকট্রনিক রেকর্ড** (Electronic Records)' অর্থ কোন তথ্য, উপাত্ত, বার্তা, কোনো ঘটনার ধারণকৃত ভিডিও চিত্র, টেলিফোন বা মুঠোফোনের কোন অ্যাপসের মাধ্যমে বা অন্য কোনো

মাধ্যমে কথোপকথনের অডিও রেকর্ড, যাহা কোন ইলেকট্রনিক বিন্যাস (Electronic Form), মাইক্রোফিল্ম বা কম্পিউটারে বা অন্য কোন ইলেকট্রনিক মাধ্যমে সংরক্ষিত, গৃহীত বা প্রেরিত হইয়াছে ;

(৪) '**ইলেকট্রনিক বিন্যাস** (Electronic Form)' অর্থ কোন তথ্যের ক্ষেত্রে কোন মিডিয়া, ম্যাগনেটিক, তারহীন, অপটিক্যাল, কম্পিউটার স্মৃতি, মাইক্রোফিল্ম, কম্পিউটারে প্রস্তুতকৃত মাইক্রোচিপ বা অনুরূপ অন্য যে কোন যন্ত্র বা কৌশলের মাধ্যমে কোন তথ্য প্রস্তুত, সংরক্ষণ আদান ও প্রদান করা;

(৫) '**উপাত্ত** (Data)' অর্থ যে কোন তথ্য, ঘটনা সম্পর্কিত জ্ঞান, ঘটনা, নির্দেশাবলি যাহা কম্পিউটার প্রিন্ট আউট, ম্যাগনেটিক বা অপটিক্যাল স্টোরেজ মিডিয়া, পাঞ্চকার্ড, পাঞ্চ টেপসহ যে কোন আকারে বা বিন্যাসে আনুষ্ঠানিক পদ্ধতিতে প্রস্তুত, প্রক্রিয়াজাত এবং সংরক্ষণ;

(৬) '**কর্তৃপক্ষ** (Authority)' অর্থ কারা কর্তৃপক্ষসহ সকল সরকারি ও বেসরকারি কর্তৃপক্ষ;

(৭) '**ডিজিটাল সাক্ষ্য** (Digital Evidence)' অর্থ অডিও-ভিডিও কনফারেন্স এর মাধ্যমে গৃহীত বা প্রদত্ত সাক্ষ্য;

(৮) '**দলিল** (Documents)' অর্থ The Evidence Act, 1872 (Act No. I of 1872) এ বর্ণিত দলিলাদিসহ ইলেকট্রনিক বিন্যাসের (Electronic Form) মাধ্যমে প্রস্তুত তথ্য, উপাত্ত, উপাত্ত হইতে ছায়ালিপি (Photocopy or Print out) ইত্যাদি ইলেকট্রনিক রেকর্ড সমূহ;

(৯) '**দূরবর্তী প্রান্ত** (Remote Point)' অর্থ অডিও-ভিডিও কনফারেন্সের মাধ্যমে মোকদ্দমার কোন পক্ষ, সাক্ষী, অভিযুক্ত ব্যক্তি,

আইনজীবী, বিশেষজ্ঞ এবং মোকদ্দমার সংশ্লিষ্ট প্রয়োজনীয় কোন ব্যক্তি যেই স্থানে উপস্থিত থাকিয়া সংশ্লিষ্ট আদালত কক্ষে চলমান কোন বিচার কার্যক্রমে অংশগ্রহণ করে;

(১০) **'দৃশ্যমান উপস্থিতি'** (Visual Presence) অর্থ অডিও-ভিডিও কনফারেন্স বা অন্য কোন ইলেকট্রনিক মাধ্যমে কোন আদালতে বিচার কার্যক্রমে অংশগ্রহণ;

(১১) **'শারীরিক উপস্থিতি'** (Physical Presence) অর্থ কোন আদালতে ব্যক্তিগত বা শারীরিকভাবে সরাসরি উপস্থিতির মাধ্যমে বিচার কার্যক্রমে অংশগ্রহণ।

সংরক্ষণ ও আইনের প্রাধান্য

৩। (১) এই ধারার (২) উপধারার বিধান সাপেক্ষে এই আইনে বিধৃত সকল কিছুই :

i. The Evidence Act, 1872 (Act No. I of 1872),
ii. Code of Criminal Procedure, 1898, (Act NO. V of 1898),
iii. Code of Civil Procedure, 1908 (Act No. V of 1908),
iv. বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন,২০০১ (২০০১ সনের ১৮ নং আইন)
v. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন,২০০৬ (২০০৬ সনের ৩৯ নং আইন)
vi. ডিজিটাল নিরাপত্তা আইন, ২০১৮
vii. Criminal Rules and Orders (Practice and Procedure of Subordinate Courts), 2009
viii. Civil Rules and Orders এবং
ix. The Jail Code

এর বিধান সমূহের পরিপূরক (Supplementary) হিসাবে গণ্য হইবে।

(২) আপাতত বলবৎ অন্য কোন আইনের কোনো বিধান, এই আইনের অধীনে অডিও-ভিডিও কনফারেন্সের মাধ্যমে মোকদ্দমার কোনো পক্ষ, সাক্ষী, আইনজীবী, বিশেষজ্ঞ এবং মোকদ্দমা সংশ্লিষ্ট কোনো ব্যক্তির মৌখিক-দালিলিক সাক্ষ্য গ্রহণসহ দেওয়ানি-ফৌজদারি মোকদ্দমার বিচার কার্যক্রমে গৃহীত পদ্ধতি সংক্রান্ত বিধানসমূহের সহিত অসামঞ্জস্যপূর্ণ হইলে সেই আইনের বিধান

যতটুকু অসামঞ্জস্যপূর্ণ, ততটুকু অকার্যকর বলিয়া গন্য হইবে।

দ্বিতীয় অধ্যায়

ইলেকট্রনিক রেকর্ডের গ্রহণযোগ্যতা এবং অডিও-ভিডিও কনফারেন্সের মাধ্যমে সাক্ষ্যগ্রহণ

ইলেকট্রনিক রেকর্ডের গ্রহণযোগ্যতা

৪। এই আইনের ২(৩) ধারায় উল্লিখিত ইলেকট্রনিক রেকর্ডসমূহ যে কোন দেওয়ানি-ফৌজদারি মোকদ্দমার বিচার কার্যক্রমে সাক্ষ্য হিসাবে গ্রহণযোগ্য হইবে।

মোকদ্দমায় দৃশ্যমান ও শারীরিক উপস্থিতি

৫। অডিও-ভিডিও কনফারেন্সের মাধ্যমে কোন মোকদ্দমার পক্ষ, অভিযুক্ত ব্যক্তি, সাক্ষী বা সংশ্লিষ্ট কোন ব্যক্তির আদালতের কার্যক্রমে অংশগ্রহণ অর্থাৎ ‘দৃশ্যমান উপস্থিতি’ (Visual Presence) তাহার ‘শারীরিক উপস্থিতি’ (Physical Presence) হিসাবে গণ্য হইবে।

আইনের অতিরাষ্ট্রিক (Extra Territorial) প্রয়োগ

৬। যদি এই আইনের অধীনে বাংলাদেশের বাহিরে অবস্থানরত কোন ব্যক্তির সাক্ষ্য বা বক্তব্য গ্রহণ বা মোকদ্দমা সংশ্লিষ্ট যে কোন কার্যক্রম বাংলাদেশে অবস্থিত আদালতে পরিচালনা করা হয়, সেই ক্ষেত্রে উক্ত ব্যক্তির দৃশ্যমান উপস্থিতি (Visual Presence) বাংলাদেশে অবস্থিত আদালত কক্ষে তাহার শারীরিক উপস্থিতি (Physical Presence) হিসাবে গণ্য হইবে।

আবেদন

৭। আদালত মোকদ্দমা সংশ্লিষ্ট পক্ষ, সাক্ষী, অভিযুক্ত ব্যক্তি, আইনজীবী, বিশেষজ্ঞ অথবা কর্তৃপক্ষের আবেদনের প্রেক্ষিতে অডিও-ভিডিও কনফারেন্সযোগে তাহার দৃশ্যমান উপস্থিতির মাধ্যমে সাক্ষ্য বা বক্তব্য গ্রহণের নির্দেশ প্রদান করিতে পারিবেন :

তবে শর্ত থাকে যে, উক্ত দরখাস্ত মোকদ্দমার কোন পক্ষ অথবা সাক্ষী বা তাহাদের প্রতিনিধির মাধ্যমে দৃশ্যমান উপস্থিতি অথবা

দৃশ্যমান উপস্থিতির মাধ্যমে সাক্ষ্য গ্রহণের ১৫ (পনের) দিন বা যুক্তিগ্রাহ্য সংক্ষিপ্ত সময় পূর্বে করিতে হইবে এবং দরখাস্তে অডিও-ভিডিও কনফারেন্সের মাধ্যমে উপস্থিতি অথবা সাক্ষ্য গ্রহণের সুনির্দিষ্ট কারণ উল্লেখসহ সংশ্লিষ্ট সকল পক্ষের সনাক্তকরণের সুবিধার্থে জাতীয় পরিচয়পত্র, টেলিফোন নম্বর, ই-মেইল আইডি সংক্রান্ত তথ্যাদি উল্লেখ করিতে হইবেঃ

আরো শর্ত থাকে যে, বিশেষ ক্ষেত্রে আদালতের অনুমতি সাপেক্ষে পাসপোর্ট, জন্ম নিবন্ধন, ড্রাইভিং লাইসেন্স, আয়কর সনদ (TIN Certificate) অথবা স্থানীয় জনপ্রতিনিধি কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র সংযুক্ত করিয়াও আবেদন করা যাইবেঃ এবং

আরো শর্ত থাকে যে, হাজতে আটক অভিযুক্ত বা সাক্ষীর ক্ষেত্রে সংশ্লিষ্ট কারা কর্তৃপক্ষ কিংবা কারা কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করা যাইবে।

প্রয়োজনীয়তা যাচাই

৮। আদালত অডিও-ভিডিও কনফারেন্সের মাধ্যমে অভিযুক্ত ব্যক্তি অথবা সাক্ষীর উপস্থিতি বা সাক্ষ্য গ্রহণের নির্দেশ তখনই প্রদান করিবে, যখন আদালত এই মর্মে নিশ্চিত হইবে যে-

(ক) উক্ত উপস্থিতি অথবা সাক্ষ্য গ্রহণ ন্যায় বিচারের স্বার্থে আবশ্যক;

(খ) তাহা যৌক্তিকরূপে পালনযোগ্য; এবং

(গ) সংশ্লিষ্ট সকল পক্ষকে অবগত করা হইয়াছে।

আদালতের বিশেষ এখতিয়ার

৯। ন্যায় বিচারের স্বার্থে দেওয়ানি ও ফৌজদারি মোকদ্দমায় আদালত স্বতঃপ্রণোদিত হইয়া অডিও-ভিডিও কনফারেন্সের মাধ্যমে সকল পক্ষকে নোটিশ প্রদান করিয়া অভিযুক্ত ব্যক্তি অথবা সাক্ষীর দৃশ্যমান উপস্থিতি বা দৃশ্যমান উপস্থিতির মাধ্যমে সাক্ষ্য বা বক্তব্য গ্রহণের নির্দেশ প্রদান করিতে পারিবে ।

ফি নির্ধারণ

১০। অডিও-ভিডিও কনফারেন্সের মাধ্যমে অভিযুক্ত ব্যক্তি অথবা সাক্ষীর দৃশ্যমান উপস্থিতি অথবা দৃশ্যমান উপস্থিতির মাধ্যমে সাক্ষ্য বা বক্তব্য গ্রহণের জন্য আদালত দরখাস্তকারী পক্ষের প্রতি সরকার কর্তৃক নির্ধারিত ফি দাখিল করিবার নির্দেশ প্রদান করিবে।

দূরবর্তী প্রান্ত আদালতের অংশ

১১। দূরবর্তী প্রান্ত সংশ্লিষ্ট আদালতের অংশ হিসেবে গণ্য হইবে এবং দূরবর্তী প্রান্তে সংঘটিত আদালতের মর্যাদাহানিকর যে কোন কার্য, শপথভঙ্গ কিংবা আদালত অবমাননা আইনের কোন ব্যত্যয় ইত্যাদি সংশ্লিষ্ট আদালত কক্ষে সংঘটিত হইয়াছে মর্মে গণ্য হইবে।

তৃতীয় অধ্যায়

অডিও-ভিডিও কনফারেন্সের মাধ্যমে দলিলাদি প্রমাণ

প্রমাণের পদ্ধতি

১২। কোন মোকদ্দমায় অডিও-ভিডিও কনফারেন্সের মাধ্যমে সাক্ষ্য গ্রহণের সময় দলিলাদি প্রমাণের ক্ষেত্রে আদালত প্রান্তের দলিলাদি দূরবর্তী প্রান্তে উপস্থিত অভিযুক্ত ব্যক্তি অথবা সাক্ষীকে প্রদর্শন করিতে হইবে। উক্তরূপে প্রদর্শিত যে কোন দলিল আদালত কর্তৃক প্রত্যয়িত দলিল বলিয়া গণ্য হইবে।

চতুর্থ অধ্যায়

অডিও-ভিডিও কনফারেন্সের মাধ্যমে সাক্ষ্য বা বক্তব্য গ্রহণের তারিখ নির্ধারণ ও অভিযুক্ত ব্যক্তির বিশেষ অধিকার

তারিখ ও সময় নির্ধারণ

১৩। কোন দেওয়ানি ও ফৌজদারি মোকদ্দমায় অডিও-ভিডিও কনফারেন্সের মাধ্যমে অভিযুক্ত ব্যক্তি অথবা সাক্ষীর দৃশ্যমান উপস্থিতি অথবা দৃশ্যমান উপস্থিতির মাধ্যমে সাক্ষ্য বা বক্তব্য গ্রহণের তারিখ ও সময় সংশ্লিষ্ট আদালত কর্তৃক নির্ধারিত হইবে ।

অভিযুক্ত ব্যক্তির বিশেষ অধিকার

১৪। (১) কোন দেওয়ানি-ফৌজদারি মোকদ্দমায় অডিও-ভিডিও কনফারেন্সের মাধ্যমে অভিযুক্ত ব্যক্তি অথবা সাক্ষীর দৃশ্যমান উপস্থিতি অথবা দৃশ্যমান উপস্থিতির মাধ্যমে সাক্ষ্য বা বক্তব্য গ্রহণের

সময় দূরবর্তী প্রান্তে উপস্থিত অভিযুক্ত ব্যক্তিকে তাহার নিয়োজিত আইনজীবীর সহিত গোপনীয় পরামর্শের ও গৃহীত সাক্ষ্য প্রত্যক্ষ করিবার ও জেরা করিবার সুযোগ প্রদান করিতে হইবে।

(২) অভিযুক্ত ব্যক্তি বা সাক্ষীর সহিত তাহার আইনজীবীর গোপনীয় পরামর্শ বিশেষাধিকার প্রাপ্ত যোগাযোগ (privileged communication) বলিয়া গন্য হইবে যাহা তাহার বিরুদ্ধে সাক্ষ্য হিসাবে ব্যবহার করা যাইবে না।

পঞ্চম অধ্যায়

অডিও-ভিডিও কনফারেন্সের মাধ্যমে আইনজীবীর আদালত কার্যক্রমে অংশ গ্রহণ ও বিশেষজ্ঞের সাক্ষ্য প্রদান

আদালত কার্যক্রমে আইনজীবীর অংশগ্রহণ

১৫। বাংলাদেশে আইন পেশায় নিয়োজিত কোন আইনজীবী অডিও-ভিডিও কনফারেন্সের মাধ্যমে আদালত প্রান্ত অথবা দূরবর্তী প্রান্ত হইতে সংশ্লিষ্ট বিচার কার্যক্রমে অংশ গ্রহণ করিতে পারিবে।

বিশেষজ্ঞের সাক্ষ্য

১৬। The Evidence Act, 1872 (Act No. I of 1872) এর ৪৫ ধারায় বর্ণিত কোনো বিশেষজ্ঞ অডিও-ভিডিও কনফারেন্সের মাধ্যমে আদালত প্রান্ত অথবা দূরবর্তী প্রান্ত হইতে সংশ্লিষ্ট বিচার কার্যক্রমে অংশ গ্রহণ করিতে পারিবে।

ষষ্ঠ অধ্যায়

অডিও-ভিডিও কনফারেন্সের মাধ্যমে আদালত কার্যক্রমে অংশগ্রহণকারী ব্যক্তির সনাক্তকরণ এবং শপথ গ্রহণ

সনাক্তকরণ

১৭। অডিও-ভিডিও কনফারেন্সের মাধ্যমে আদালত কার্যক্রমে অংশ গ্রহণকারী অভিযুক্ত ব্যক্তি অথবা সাক্ষীকে ৭ ধারায় উল্লিখিত দরখাস্তের একটি কপিসহ দূরবর্তী প্রান্তে আদালত কর্তৃক নির্ধারিত সময়ে তাহার উপস্থিতি নিশ্চিত করিতে হইবে এবং তাহাকে উপস্থাপনকারীপক্ষ বা যথাযথ কর্তৃপক্ষ সনাক্ত করিবে।

শপথ গ্রহণ

১৮। অডিও-ভিডিও কনফারেন্সের মাধ্যমে সাক্ষ্যগ্রহণের পূর্বে দূরবর্তী প্রান্তে উপস্থিত অভিযুক্ত ব্যক্তি বা সাক্ষীকে উক্তস্থান হইতে অডিও-ভিডিও সংযোগের মাধ্যমে আদালত প্রান্তে সংশ্লিষ্ট বিচারক কর্তৃক শপথ বাক্য পাঠ করাইতে হইবে ।

সপ্তম অধ্যায়

আদালত, কারাগার ও অন্যান্য প্রতিষ্ঠানে তথ্য প্রযুক্তি সুবিধা স্থাপন

তথ্য প্রযুক্তি সুবিধাদি

১৯। সরকার অডিও-ভিডিও কনফারেন্স মাধ্যমে অভিযুক্ত ব্যক্তির বা সাক্ষীর দৃশ্যমান উপস্থিতি অথবা দৃশ্যমান উপস্থিতির মাধ্যমে সাক্ষ্য গ্রহণের জন্য আদালত প্রান্তে ও দূরবর্তী প্রান্তে প্রয়োজনীয় তথ্য প্রযুক্তি সুবিধা স্থাপন ও রক্ষণাবেক্ষণের ব্যবস্থা করিবে, যাহাতে-

(ক) আদালত প্রান্তে উপস্থিত প্রত্যেক ব্যক্তি দূরবর্তী প্রান্তে উপস্থিত অভিযুক্ত ব্যক্তি অথবা সাক্ষীকে দেখিতে, শুনিতে ও আদালতের সম্মতি সাপেক্ষে তাহাদের সহিত যোগাযোগ করিতে সক্ষম হয়;

(খ) দূরবর্তী প্রান্তে উপস্থিত অভিযুক্ত ব্যক্তি অথবা সাক্ষী আদালত প্রান্তে উপস্থিত প্রত্যেক ব্যক্তিকে দেখিতে, শুনিতে ও আদালতের সম্মতি সাপেক্ষে তাহাদের সহিত যোগাযোগ করিতে সক্ষম হয়।

তথ্য প্রযুক্তি সুবিধাদি নিশ্চিতকরণ

২০। অডিও-ভিডিও কনফারেন্সের মাধ্যমে অভিযুক্ত ব্যক্তি অথবা সাক্ষীর দৃশ্যমান উপস্থিতি অথবা দৃশ্যমান উপস্থিতির মাধ্যমে সাক্ষ্য গ্রহণের পূর্বে অবশ্যই আদালত প্রান্তে ও দূরবর্তী প্রান্তে স্থাপিত তথ্য প্রযুক্তি সুবিধা সচল ও কার্যকর রহিয়াছে মর্মে সংশ্লিষ্ট আদালত নিশ্চিত হইবে।

অষ্টম অধ্যায়

বিবিধ

বিধি প্রণয়নের ক্ষমতা

২১। (১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে,সরকারি গেজেট প্রজ্ঞাপন দ্বারা, সরকার বিধি প্রণয়ন করিতে পারিবে।

(২) ২১(১) ধারার অধীনে বিধি প্রণীত না হওয়া পর্যন্ত সরকারি গেজেট প্রজ্ঞাপন দ্বারা এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে সরকার প্রয়োজনীয় আদেশ জারী করিতে পারিবে।

ইংরেজিতে অনূদিত পাঠ

২২। (১) এই আইন প্রবর্তনের পর সরকার, গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, আইনটির ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য অনুমোদিত (Authentic English Text) পাঠ প্রকাশ করিবেঃ

(২) বাংলা ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।